ISO 9001 : 2015 Certified

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

সদর দপ্তর

হাজীগঞ্জ, চাঁদপুর

pbs1.chandpur.gov.bd

নম্বর: ২৭.১২.১৩৪৯.৫০৪.০২.০২১.১৯.১০৮২

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৩ Sep ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **" নিয়োগ বিজ্ঞপ্তি "**

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, হাজিগঞ্জ, চাঁদপুর এর জন্য "মেডিকেল রিটেইনার (চুক্তিভিত্তিক)" পদে নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

পদের নামঃ মেডিকেল রিটেইনার (চুক্তিভিত্তিক)।

শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২। মেডিকেল রিটেইনার পদের প্রার্থীকে বাংলাদেশের যেকোন মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।

০৩। মনোনীত প্রার্থীর সহিত ০৩ (তিন) বৎসরের চুক্তি সম্পাদন করা হবে। তবে উভয় পক্ষের সম্মতিতে মেয়াদ স্বয়ংক্রীয় ভাবে ০১ বৎসর করে বৃদ্ধি করা যেতে পারে। যেকোন পক্ষ ০১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদানের মাধ্যমে চুক্তির অবসান ঘটাতে পারবেন। তবে কর্তৃপক্ষ যেকোন সময় উক্ত চুক্তি বাতিল করার সম্পূর্ন ক্ষমতা সংরক্ষন করেন।

০৪। নিয়োগপ্রাপ্ত মেডিকেল রিটেইনারকে সপ্তাহে কমপক্ষে ০২ (দুই) দিন সমিতি সদর দপ্তর (হাজিগঞ্জ) কার্যালয়ে ০১ (এক) ঘন্টা করে উপস্থিত থেকে অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের এবং তাদের নির্ভরশীল সদস্যদের জন্য চিকিৎসা সেবা প্রদান করতে হবে।

০৫। জরুরী যে কোন সময় কোন কর্মকর্তা/কর্মচারী এবং তাহাদের পরিবারবর্গ যদি চিকিৎসকের চেম্বারে মেডিকেল সেবা গ্রহণের জন্য গমন করেন, সে ক্ষেত্রে তাদের নিকট হতে কোন প্রকার ফি গ্রহণ করা যাবে না।

০৬। যদি কোন কর্মকর্তা/কর্মচারী মেডিকেল সেবার জন্য মেডিকেল রিটেইনারকে নিজ বাসস্থানে আমন্ত্রণ জানান তাহলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগন যাতায়াত খরচ সহ নির্ধারিত ফি বহন করবেন।

০৭। দূর্ঘটনা বা যেকোন জরুরী প্রয়োজনে নিয়োগপ্রাপ্ত মেডিকেল রিটেইনারকে সমিতির ভৌগলিক এলাকায় যে কোন স্থানে যেতে হতে পারে এবং এ জন্য মেডিকেল রিটেইনারকে প্রকৃত যাতাযাত ভাতা প্রদান করা হবে।

০৮। মাসিক সর্বোচ্চ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা রিটেইনার ফি প্রদান করা হবে।

০৯। এ নিয়োগ চুক্তিপত্রের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য বলবৎ থাকবে।

১০। কর্তৃপক্ষ উল্লেখিত যেকোন শর্ত পরিবর্তন, পরিবর্ধন বা বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষন করেন।

১১। উপরোক্ত পদে নিয়োগ লাভে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগনকে সাদা কাগজে নিম্নেবর্ণিত তথ্যাদি উল্লেখপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সম্বলিত দরখাস্ত আগামী **২৩/০৯/২০২৩** খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌঁছাতে হবে।

১২। আবেদনের পদ্ধতিঃ

(ক) আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে)।

(খ) পিতার নাম

(গ) মাতার নাম

(ঘ) স্থায়ী ঠিকানা

(ঙ) বর্তমান ঠিকানা

(চ) শিক্ষাগত যোগ্যতা

(ছ) জন্ম তারিখ

(জ) ধর্ম

(ঝ) অভিজ্ঞতা

(ঞ) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) জাতীয়তার সনদপত্রের সত্যায়িত কপি, ন্যাশনাল আইডি কার্ড এবং সাম্প্রতিক কালে তোলা তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

১৩-০৯-২০২৩
মোঃ আতিকুজ্জামান চৌধুরী
জেনারেল ম্যানেজার
০১৭৬৯৪০০০১৬
chandpbs@yahoo.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, চাঁদপুর।;
২। পুলিশ সুপার, চাঁদপুর।;
৩। সিভিল সার্জন, চাঁদপুর।;
৪। উপজেলা চেয়ারম্যান, ----------, চাঁদপুর।;
৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ----------, চাঁদপুর।;
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, কুমিল্লা;
৭। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জপথ/ গনপূর্ত/এলজিইডি, চাঁদপুর।;
৮। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ, কর্মকর্তা, চাঁদপুর সদর, আলীগঞ্জ, কচুয়া, শাহরাস্তি, চাঁদপুর।;
৯। ডিজিএম, ডিজিএম এর দপ্তর (জোনাল অফিস), চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১০। ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১১। ডিজিএম, শাহরাস্তি জোনাল অফিস, চাঁদপুর পবিস-১।;
১২। এজিএম (ওএন্ডএম), সাচার সাব জোনাল অফিস, চাঁদপুর পবিস-১;
১৩। এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১৪। এজিএম (অর্থ-হিসাব) (অতিরিক্ত দায়িত্ব), অর্থ (হিসাব) বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১৫। এজিএম (প্রশাসন), প্রশাসন বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১৬। এজিএম (ইএন্ডসি), ইএন্ডসি বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১৭। এজিএম (আইটি), আইটি বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১৮। মোঃ শাহাদাত হোসেন, এজিএম(সদস্য সেবা), চাঁদপুর পবিস-১ এবং
১৯। নোটিশ বোর্ড,, অফিস নথি।